

# সফটওয়্যারের কারুকাজ

## ডিফল্ট ফাইল হ্যান্ডেলার নিরূপণ ও পরিবর্তন

আপনি একটি ফাইলে ডাবল ক্লিক করলেন এবং এর ফলে হঠাৎ করে ওপেন হলো এক অনাকাঙ্ক্ষিত প্রোগ্রাম অথবা ফাইলটি মোটেও ওপেন হলো না। এ ধরনের আচরণের কারণ সংশ্লিষ্ট ফাইল টাইপ হ্যান্ডেলারের মডিফাইড অ্যাসাইনমেন্ট বা অসঙ্গতভাবে প্রোগ্রাম আনইনস্টল করা। এমন অবস্থায় এক্সপ্লোরেটর Folder Options-এ আপনি ব্যবহার করতে পারবেন ফাইল টাইপের সংশ্লিষ্ট সংশোধনের জন্য এক ডায়ালগ বক্স। কিন্তু উইন্ডোজের পরবর্তী ভার্সনগুলোতে এ ধরনের কোনো অপশন অফার করা হয়নি। তবে একই ধরনের ডায়ালগ বক্স সম্পূর্ণ করা হয়েছে Control Panel-এর অন্তর্গত Programs-Default Programs-এ এবং Assign a program to file type or extension-এর অন্তর্গত অপশনে। তবে এ ধরনের অপশন খুঁজে বের করা কঠিন ও বিরক্তিকর হলেও কমান্ড প্রম্পটের মাধ্যমে খুব সহজে এ কাজটি করতে পারবেন।

এজন্য Start মেনুর সার্চ ফিল্ডে cmd টাইপ করে এন্টার চাপুন। 'assoc' কমান্ড সব অ্যাসাইনমেন্টের লিস্ট প্রদর্শন করবে। নির্দিষ্ট ফাইল টাইপের জন্য রিকোয়েস্ট করতে চাইলে xxx ফরমে প্যারামিটার এন্টার করতে হবে। উদাহরণস্বরূপ assoc.mp3 ব্যবহার করে আমরা জানতে পারব কোন প্রোগ্রাম নির্দিষ্ট করা হয়েছে প্লেব্যাকের জন্য ডিফল্ট অ্যাপ্লিকেশন হিসেবে।

ফাইল এক্সটেনশনের পাশে ইকুয়াল সাইন বসিয়ে ভুল অ্যাসাইনমেন্ট ডিলিট করে প্রয়োজনীয় নতুন অ্যাসাইনমেন্টগুলো ব্ল্যাক রেখে দিন। এই ফাংশন তখনই কাজ করবে যখন অ্যাডমিনিস্ট্রেটর হিসেবে কমান্ড লাইন ওপেন করতে পারবেন। প্রাথমিকভাবে আপনি নিজেই নতুন অ্যাসোসিয়েশন এন্টার করতে পারবেন। তবে প্রোগ্রামের নাম সব সময় অস্পষ্ট থাকে। তাই ভালো হয় সিস্টেমের ডায়ালগ বক্স ব্যবহার করা। এজন্য একটি আনঅ্যাসাইন করা ফাইলে ডাবল ক্লিক করে পপ-আপ ডায়ালগ বক্স ব্যবহার করা এবং কাঙ্ক্ষিত প্রোগ্রামে নেভিগেট করা।

## পুরনো টাস্কবার বাটন কনটেক্সট মেনু ডিসপ্লে করা

টাস্কবার বাটনে ডান ক্লিক করলে একটি জাম্পলিস্ট মেনু দেখা যাবে। এটি একটি প্রয়োজনীয় নতুন ফিচার ঠিকই, তবে খুব বেশি সহায়ক নয় যদি আপনি মিনিমাইজ, ম্যাক্সিমাইজ বা মুভ অপশন ব্যবহার করতে চান। আপনি ইচ্ছে করলে খুব সহজেই পুরনো কনটেক্সট মেনু ফিরিয়ে আনতে পারবেন। এজন্য Ctrl এবং Shift চেপে টাস্কবারে ডান ক্লিক করতে হবে।

### সাজ্জাদ

বহদুরহাট, চট্টগ্রাম

## টাস্কবারে সবসময় বর্তমান সময় দেখা

সিঙ্গেল লাইন টাস্কবার সবসময় সময় দেখায়, তবে তারিখের জন্য কোনো স্পেস থাকে না। যদি আপনার মনিটরটি বড় হয়, তাহলে কোনো সমস্যা ছাড়াই তা এনাবল করতে পারবেন। এজন্য বর্ডারে ডান ক্লিক করুন এবং কনটেক্সট মেনুতে 'Lock the taskbar' অপশনে টিক মার্ক নেই তা নিশ্চিত করুন। এই অপশনকে নিষ্ক্রিয় করুন। এরপর 'Lock the taskbar' অপশন সক্রিয় করে দীর্ঘতর টাস্কবার সেট করুন।

## উইন্ডোজ ৭-এ জাম্প লিস্ট দিয়ে ব্যবহার হওয়া আইটেমে অ্যাক্সেস করা

উইন্ডোজের আগের ভার্সনে অতিসম্প্রতি ব্যবহার হওয়া ফাইল, ফোল্ডার এবং ওয়েবসাইটে অ্যাক্সেস করার সহজ পথটি খুঁজে বের করা ছিল বেশ বিরক্তিকর। উইন্ডোজ ৭-এ সম্পূর্ণ নতুন ফিচার জাম্প লিস্ট আপনাকে সুযোগ দেবে দ্রুতগতিতে সম্প্রতি ব্যবহার হওয়া আইটেমে অ্যাক্সেস করার সুবিধা। জাম্প লিস্ট ব্যবহার করে নিম্নলিখিত বর্ণিত উপায়ে সম্প্রতি ব্যবহার হওয়া আইটেমে অ্যাক্সেস করতে পারবেন।

- \* জাম্প লিস্টে অ্যাক্সেস করার জন্য টাস্কবারে প্রোগ্রাম আইকনে ডান ক্লিক করুন। ধরুন, উইন্ডোজ এক্সপ্লোরার। লক্ষণীয়, ইচ্ছে করলে এই আইটেমগুলো পিন করতে পারবেন টাস্কবারে।
- \* জাম্প লিস্ট ওপেন হওয়ার পর একটি আইটেমের প্রথম লেটারে ক্লিক করুন, যাতে তাদের মধ্যে জাম্প করা যায়।
- \* মাঝেমধ্যে জাম্প লিস্ট হিস্টোরি ক্রিয়ার করতে চাইলে Start মেনুতে ডান ক্লিক করে Properties বেছে নিন।
- \* এবার Start Menu ট্যাবের Privacy-র অন্তর্গত একটি বক্স বা উভয় বক্স আনচেক করুন, যাতে টাস্কবার বা স্টার্টমেনু আইটেম হিস্টোরি ক্রিয়ার হয়।

## দ্রুতগতিতে ফাইল নেম রিনেম করা

কোনো ফাইল নেম পরিবর্তন করার জন্য প্রথমে ফাইলটি সিলেক্ট করে F2 ফাংশন কী চাপুন। এরপর ফাইলের নতুন নাম দিয়ে এন্টার চাপুন। এ প্রক্রিয়ায় ফাইলের নাম পরিবর্তন করা কনটেক্সট মেনুর চেয়ে দ্রুতগতিতে হয়।

### চঞ্চল মাহমুদ

শেখঘাট, সিলেট

## উইন্ডোজ ৭-এর লুকানো থিম

উইন্ডোজ ৭ ব্যবহারকারী মাত্রই জানেন উইন্ডোজ ৭-এর কিছু ডিফল্ট থিম আগে থেকেই দেয়া থাকে। এসব থিমের ভেতরেই উইন্ডোজ ৭-এর নিজস্ব ওয়ালপেপার সাউন্ড, আইকন, টাস্কবার ইত্যাদি সাজানো থাকে। এ নির্দিষ্টসংখ্যক থিমের বাইরে অন্য কোনো থিম ব্যবহার করতে চাইলে তা ডাউনলোড করে নিতে হয়। কিন্তু আপনার অজান্তে আপনার

পিসিতেই আরও পাঁচটি থিম লুকিয়ে রেখেছে উইন্ডোজ। এগুলো খুঁজে পেতে প্রথমে স্টার্ট থেকে সার্চ বারে গিয়ে \\Windows\Globalization\MCT লিখে এন্টার চাপলে নতুন একটি উইন্ডো খুলবে। নতুন উইন্ডোতে পাঁচটি ফোল্ডার দেখতে পাবেন। এবার প্রথম ফোল্ডারটি মানে MCTAU ফোল্ডার ঢুকে Theme-এ ঢুকে AU.theme-এ ক্লিক করুন। এতে উইন্ডোজ ৭-এর অস্ট্রেলিয়া থিম ইনস্টল হবে।

একইভাবে একেক করে MCT-CA, MCT-GB, MCT-US, MCT-ZA ফোল্ডারগুলোতে ঢুকে থিম ফোল্ডারে ঢুকে যথাক্রমে CA.theme, GB, Theme, US.theme ও ZA.Theme ফাইলগুলোতে ক্লিক করলে বাকি চারটি থিমও ইনস্টল হয়ে যাবে আপনার পিসিতে। এই থিম চারটি হলো থিম কানাডা, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র ও দক্ষিণ আফ্রিকা নিয়ে।

## পুরনো পিসি থেকে ভালো পারফরম্যান্স পাওয়া

নতুন কেনার পর কমপিউটারে যেমন গতি পাওয়া যেত, পুরনো হওয়ার পর আর সে ধরনের গতি পাওয়া যায় না। ভাইরাস ছাড়া আরো অনেক কারণেই পিসির গতি কমে যেতে পারে।

## পুরনো পিসির গতি বাড়তে-

- \* নিয়মিত ডিস্ক ডিফ্র্যাগমেন্ট করুন। সম্ভব হলে প্রতি সপ্তাহে একবার।
- \* যথাসম্ভব কম ইউজার অ্যাকাউন্ট ব্যবহার করুন। একটিমাত্র ইউজার অ্যাকাউন্ট রাখা ভালো।
- \* হার্ডডিস্কের প্রতি পার্টিশনেই ৩০ শতাংশ জায়গা ফাঁকা রাখার চেষ্টা করুন।

## ফারহানা জামান ফাতেমা

মুসলিমপাড়া, টাঙ্গাইল

## কারুকাজ বিভাগে লিখুন

কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপি সহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।

সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে- সাজ্জাদ, চঞ্চল মাহমুদ ও ফারহানা জামান ফাতেমা।